



ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
নলছিটি, ঝালকাঠি
fpo.nalchity.jhalakathi.gov.bd



স্মারক নম্বর: ৫৯. ১১. ৪২৭৩. ০০০. ৯৯. ২২

তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

বিষয়: মগড় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন

আজকের তারিখে কেন্দ্রটি পরিদর্শন করে পরিবার কল্যাণ পরিদর্শিকা জনাব পুতুল রাণী মণ্ডল, পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোঃ শহীদুল ইসলাম, আয়া জনাব অনামিকা, নৈশপ্রহরী জনাব হারুনকে উপস্থিত পাওয়া যায়। উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (অ. দা) জনাব অর্চনা রানী সুতার অতিরিক্ত দায়িত্বে পান্থবর্তী ভৈরবপাশা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবাদান করছেন বলে জানা যায়।

এখানে নরমাল ডেলিভারি সেবা চালু আছে এবং চলতি মাসে এখনও পর্যন্ত ২টি ডেলিভারি সম্পন্ন হয়েছে বলে জানা যায়। পরিবার পরিকল্পনা পরিদর্শক নিয়মিত উঠান বৈঠক করেন এবং চলতি মাসে ৪টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। স্যাটেলাইন ক্লিনিক সংঘটিত হয়েছে ৬টি। আজসকাল ১১টা পর্যন্ত পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক ৫ জন গর্ভবর্তী ও ৫ জন শিশুসহ মোট ১২ জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। কেন্দ্রটির সেবার মান সন্তোষজনক।

উপপরিচালক
পরিবার পরিকল্পনা, ঝালকাঠি

২৬-০২-২০২৩

মোঃ আল আমিন মোল্যা
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
নলছিটি, ঝালকাঠি
alaminfo@gmail.com